বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-১৭/০০০৪০(আইসিটি) তারিখ: ২০/০৩/২০১৭খ্রিঃ।

বিষয় :২০১৭ সালের আলিম পরীক্ষা রীতিমাফিক সুষ্ঠু পরিবেশে সুচারুরূপে গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সমূহের অনুসৃত নীতিমালা অনুসারে ২০১৭ সালে অনুষ্ঠেয় আলিম পরীক্ষা রীতিমাফিক সুষ্ঠু পরিবেশে ও সুচারুরূপে গ্রহণের লক্ষ্যে তাঁর অধীনস্থ কেন্দ্র সমূহে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. কোন শিক্ষকই নিজ মাদরাসার পরীক্ষার্থীদের পরীক্ষা কক্ষে 'কক্ষ প্রত্যবেক্ষক' (Invigilator) হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

২. কোন মাদরাসার অধ্যক্ষ/শিক্ষকের নিকট আত্মীয় পরীক্ষার্থী থাকলে তিনি ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে পারবেন না। অনুরূপভাবে কোন শিক্ষকের সন্তান/নিকট আত্মীয় পরীক্ষার্থী থাকলে তিনি কক্ষ প্রত্যবেক্ষক বা পরীক্ষা সংক্রান্ত কোন কাজের দায়িত্ব পালন করতে পারবেন না (নিকট আত্মীয় বলতে ছেলে-মেয়ে,ভাই-বোন,শ্যালক-শ্যালিকা,সৎ ভাই-বোন, আপন নাতি-নাতনী)।

৩. আরবি বিষয় সমূহের পরীক্ষার দিন সাধারণ বিষয় সমূহের শিক্ষকবৃন্দ এবং সাধারণ বিষয় সমূহের পরীক্ষার দিন আরবি বিষয় সমূহের শিক্ষকবৃন্দকে কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ দিতে হবে।

৪. ৬ ফুট বা তার অধিক দৈর্ঘ্যের প্রতি বেঞ্চে দু'জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে। ৪ ফুট দৈর্ঘ্যের মধ্যে বেঞ্চ হলে একজন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে।

৫. কোন ভেন্যু কেন্দ্র থাকবে না। একই মাদরাসার পরীক্ষার্থীদের পরস্পর সন্নিকটে (পাশাপাশি) আসন ব্যবস্থা করা যাবে না।

৬. প্রতি ১৮ (আঠার) জন পরীক্ষার্থীর জন্য একজন কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ করতে হবে।

৭. কেন্দ্রে স্থায়ী পাকা নিরাপত্তা প্রাচীর-এর ব্যবস্থাসহ মজবুত প্রবেশপথ (গেইট) থাকতে হবে (কেন্দ্রে পাকা সীমানা দেয়াল না থাকলে আপাততঃ অস্থায়ী শক্ত নিরাপত্তা বেষ্টনীর ব্যবস্থা করতে হবে)। অন্যথায় কেন্দ্র প্রত্যাহার করা যেতে পারে।

৮. সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া অন্য কেউ কোন অবস্থাতেই পরীক্ষা কেন্দ্রের ভিতরে প্রবেশ এবং অবস্থান করতে পারবেন না।

৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত পরীক্ষার হলে কক্ষ প্রত্যবেক্ষক ও পরীক্ষার্থীরা কোনক্রমেই মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

১০. বিনা প্রয়োজনে কেন্দ্র পরিচালনা কমিটির সদস্যগণ পরীক্ষার কক্ষে যেতে পারবেন না। তবে বিশেষ প্রয়োজনে সদস্যগণ কেন্দ্রে প্রবেশ করলেও ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কক্ষে অবস্থান করবেন।

১১. রীতিমাফিক সুষ্ঠু পরিবেশে সুচারুরূপে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সর্বাধিক সতর্কতা অবলম্বন করতে হবে।

১২. পরীক্ষা কেন্দ্রে রীতি বহির্ভূত পরীক্ষা গ্রহণের প্রবণতা পরিলক্ষিত হলে এবং কেন্দ্রের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে তাৎক্ষণিকভাবে কেন্দ্রটি স্থানান্তর/বাতিল করতে হবে।

১৩. পরীক্ষা আরম্ভ হবার পনের মিনিট পরে কোন পরীক্ষার্থীকে পরীক্ষার কক্ষে প্রবেশের অনুমতি বা প্রশ্নপত্র দেয়া যাবে না, কিন্তু বিশেষ ক্ষেত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এ সময় আধ ঘন্টা পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।

১৪. পরীক্ষার্থীকে প্রবেশপত্রে, স্বাক্ষরলিপিতে উল্লেখিত কেন্দ্রে এবং রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫. কক্ষ প্রত্যবেক্ষকগণ দৈনিক পরীক্ষা শেষে পরীক্ষা কক্ষেই উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া প্রথম অংশ ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন। উত্তরপত্র গ্রহণের পর OMR এর প্রথম অংশ (Top Portion) ছিঁড়তে হবে। কোন অবস্থায় পরীক্ষা শেষ হবার পূর্বে OMR (Top Portion) ছেঁড়া যাবে না। পরীক্ষা শেষে OMR এর কার্টুন হলুদ কাপড়ে মুড়ে **"সিনিয়র সিস্টেম এনালিস্ট,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,বকশি বাজার,ঢাকা-১২১১"** এই ঠিকানায় হাতে হাতে অথবা ডাকযোগে ইনশিয়োর্ড পার্সেলে পাঠাতে হবে।

১৬. সৃজনশীল প্রশ্নপদ্ধতির দিন বহুনির্বাচনী (MCQ)-পরীক্ষা শেষে উত্তরপত্র (OMR) সংগ্রহ করবেন এবং সৃজনশীল (CQ) প্রশ্নপত্রের উত্তরপত্র পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবেন। এ সময় কোন পরীক্ষার্থীকে বাহিরে যেতে দেওয়া

যাবেনা। উত্তরপত্র বিষয়/পত্রওয়ারী সাজিয়ে অনধিক ৫০ (পঞ্চাশ)টি করে উপর ও নীচে করোগেটেড শীট দিয়ে বাঁধতে হবে। উপরের করোগেটেড শীটে একটি করে নির্ধারিত বান্ডিল লেবেল লাগাতে হবে। কোন অবস্থাতেই একাধিক বিষয়/পত্রের উত্তরপত্র একই বান্ডেলে দেয়া যাবে না।

১৭. উত্তরপত্র বিষয়/পত্রওয়ারী সাজিয়ে অনধিক ৫০ (পঞ্চাশ)টি করে উপর ও নীচে করোগেটেড শীট দিয়ে বাঁধতে হবে। উপরের করোগেটেড শীটে একটি করে নির্ধারিত বান্ডিল লেবেল লাগাতে হবে। কোন অবস্থাতেই একাধিক বিষয়/পত্রের উত্তরপত্র একই বান্ডেলে দেয়া যাবে না।

১৮. কেন্দ্রের সমুদয় উত্তরপত্রের সকল বান্ডিল বিষয়/পত্রওয়ারী সাজিয়ে শক্ত রশি দিয়ে বেঁধে অবশ্যই হলুদ কাপড়ে মুড়ে সমন্বিত বিবরণীর এক কপিসহ হাতে হাতে অথবা ইনসিওরড পার্শেলযোগে পরীক্ষা শেষে ঐ দিনই বোর্ডে জমাদানের/প্রেরণের ব্যবস্থা করতে হবে। প্যাকেটের উপরে পোস্ট করার তারিখ ও সময় উল্লেখ করতে হবে। কোন অবস্থাতেই রেলওয়ে পার্সেলে প্রেরণ করা যাবেনা এবং কেন্দ্রের সীল দেয়া যাবেনা।

১৯. উত্তরপত্রের বাণ্ডেলের করোগেটেড শীট, বাণ্ডিল লেবেল বা বাণ্ডেলের কোন অংশে কেন্দ্রের পরিচিতি সীল বা কোন রকম চিহ্ন দেয়া যাবে না। যদি এর ব্যতিক্রম হয় তবে কেন্দ্র বাতিলসহ ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে।

২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনের পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি একই সাথে বোর্ডের কন্ট্রোলরুমে অন-লাইনে এবং জেলা প্রশাসকের দপ্তরে স্থাপিত কন্ট্রোলরুমে অবশ্যই পাঠাবেন।

২১. কোন কেন্দ্রে কক্ষ প্রত্যবেক্ষক বহিস্কার করা/অব্যহতি দেয়া হলে ঐ দিনই ফ্যাক্সের মাধ্যমে বহিস্কৃত কক্ষ প্রত্যাবেক্ষকের পূর্নাঙ্গ তথ্যসহ একটি প্রতিবেদন পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে।

২২. **বহুনির্বাচনী অভীক্ষা প্রশ্নপত্র (MCQ) শুধু "ক" সেট ট্রাংকে থাকবে।**

কন্ট্রোল রুমের ফোন নম্বর সমূহ ঃ ৫৮৬১০২০২,৯৬৭৫২৪৮,৫৮৬১০২১৬ ৯৬৭৫৩৬৯।
ফ্যাক্স নম্বর ঃ ৫৮৬১৭৯০৮, ৫৮৬১৬৬৮১ এবং ৯৬১৫৫৭৬।

২০/৩/১৭

(প্রফেসর এ,কে,এম, ছায়েফ উল্যা)
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন ঃ ৫৮৬১০২১৬।

জেলা প্রশাসক (সকল)

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-১৭/০০০৪০(আইসিটি) তারিখ: ২০/০৩/২০১৭খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনদুলিপি প্রেরিত হলো ঃ

১. সচিব,কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. মহা পরিচালক,মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪. সকল কর্মকর্তা,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত),মাদরাসা শিক্ষা বোর্ড কম্পিউটার শাখা,বকশিবাজার,ঢাকা।
৬. সহকারী পরিদর্শক,আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,উপ-পরিচালকের কার্যালয়,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ রংপুর/খুলনা/বরিশাল।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা,আলিম পরীক্ষা কেন্দ্র-২০১৭ (সকল)।
৮. পি.এ.টু-চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরিদর্শক,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।

২০/৩/২০১৭

(মোঃ নজমুল হুদা)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২,ফ্যাক্স:৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd